

# নারীপক্ষ

## আনুতোষিক (Gratuity) নির্দেশিকা

### ভূমিকা:

কর্মীদের ভবিষ্যৎ সঞ্চয়ের বিষয়টি বিবেচনা করে নারীপক্ষ 'চাকুরী বিধিমালা ২০০০' অনুযায়ী সাংগঠনিক কর্মীদের জন্য ২০০০ সাল থেকে আনুতোষিক প্রদান শুরু করে। পরবর্তীতে পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে ২০০৬ সাল থেকে সংগঠনের সকল প্রকল্পের কর্মীদের জন্যও আনুতোষিক কার্যকর হয়। চাকুরী বিধিমালা ২০১৩ সালে সংশোধন ও অনুমোদন করা হয়। গত ২ ভদ্র ১৪২০/১৭ আগস্ট ২০১৩ তারিখের নির্বাহী পরিষদ বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আনুতোষিক নীতিমালা প্রণয়ন করা হয়।

### লক্ষ্য:

কর্মীদের প্রতি সংগঠনের দায়বদ্ধতা ও আর্থিক নিরাপত্তার নিশ্চয়তা করার জন্য নারীপক্ষ আনুতোষিক তহবিল পরিচালনার জন্য আনুতোষিক নীতিমালা প্রণয়ন করা।


### উদ্দেশ্য:

- কর্মীদের প্রাপ্ত আনুতোষিক নির্ধারণ
- কোন কোন পরিস্থিতিতে কর্মীর আনুতোষিক প্রাপ্য/প্রাপ্য নয় তা নির্ধারণ
- আনুতোষিক সঞ্চিত অর্থ বিনিয়োগ এবং বিনিয়োগ থেকে প্রাপ্য অর্থের সুবিধাভোগী নির্ধারণ
- তহবিলের হিসাব সংরক্ষণ পদ্ধতি নির্ধারণ এবং এ সংক্রান্ত হিসাব সুষ্ঠু ও স্বচ্ছ রাখার ব্যবস্থা

### নীতিমালা:

১. আনুতোষিক হিসাবের নাম: নারীপক্ষ আনুতোষিক তহবিল
২. কার্যকর হওয়ার তারিখ: ১ জানুয়ারী ২০০০
৩. আনুতোষিক পাওয়ার যোগ্যতা: চাকুরী বিধিমালা অনুযায়ী আনুতোষিক পাওয়ার ক্ষেত্রে কর্মীর ন্যূনতম চাকুরি সময়সীমা এক বছর হতে হবে। চাকুরিতে যোগদানের দিন থেকে বছর গণনা করা হবে।
৪. আনুতোষিক পাওয়ার ভিত্তি- :
  - কর্মীর এক মাসের মূল বেতন (মোট বেতনের ৬২.৫% হারে) ত্রৈমাসিক/বাৎসরিক ভিত্তিতে কর্মীর সংশ্লিষ্ট প্রকল্প বা সংগঠনের বাৎসরিক বাজেট থেকে কর্মীদের নামের বিপরীতে আনুতোষিক তহবিলের ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে।

- এক বছর পূর্ণ হবার পর কর্মী চাকুরি থেকে অব্যাহতি নিলে আনুপাতিক হারে আনুতোষিক প্রদান করা হবে।
  - কর্মীর বেতন কাঠামো পরিবর্তন হলে নতুন বেতন কাঠামো অনুযায়ী পূর্ব কর্মমেয়াদের আনুতোষিকও সমন্বয় করা হবে।
  - যদি কোন প্রকল্পের দাতা সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্পের কর্মীদের জন্য আনুতোষিক সুবিধা দেয়া না হয়, তাহলে সংশ্লিষ্ট কর্মীদের জন্য আনুতোষিক সুবিধা দিবে নারীপক্ষ।
৫. আনুতোষিক প্রদান: চাকুরি থেকে অব্যাহতির সময় কর্মীকে তার সর্বশেষ মূল বেতন অনুযায়ী আনুতোষিক প্রদান করা হবে।
৬. আনুতোষিক পাওয়ার যোগ্য কর্মী যদি চাকুরী হতে অব্যাহতি নেয় বা যদি তাকে অব্যাহতি দেওয়া হয় তবে আনুতোষিক পাবে। তবে বরখাস্তকৃত কর্মী আনুতোষিক পাবে না।
৭. চাকুরীরত কর্মীর মৃত্যু: চাকুরীরত অবস্থায় কর্মীর মৃত্যু হলে তার মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গকে আনুতোষিক প্রদান করা হবে।
৮. মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ: কর্মীকে তার আনুতোষিক প্রদানের জন্য এক বা একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান মনোনয়ন করতে হবে। মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ অপ্রাপ্ত বয়স্ক হলে তার/তাদের সংশ্লিষ্ট কর্মী দ্বারা স্বাক্ষরিত ছবি ও অভিবাবকের নাম ঠিকানা জমা দিতে হবে।
৯. হিসাব:
- ত্রৈমাসিক ভিত্তিতে আনুতোষিক তহবিলে অর্থ স্থানান্তর করা হবে।
- আনুতোষিক তহবিলে স্থানান্তরিত অর্থ পরবর্তীতে কোন লাভজনক খাতে, যেমন: স্থায়ী আমানত হিসাবে রাখা বা লাভজনক সর্বাপেক্ষে ঝুঁকিমুক্ত বিনিয়োগ করা যাবে।
  - কোন কর্মীর আনুতোষিক প্রদানে ঘাটতি স্থায়ী আমানত এর সুদ বা আনুতোষিক তহবিলের উদ্ধৃত অর্থের মাধ্যমে পূরণ করা হবে।

  
 অমিতা দে  
 সভানেত্রী  
 নারীপক্ষ